গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd

স্মারক নং- ২৬.১২.০০০০.১০৬.৯৯.০২৪.২৩- ৬৮২ তারিখ: ২৯-০৮-২০২৩

বিষয় : 'রিয়ান (Reean) ইন্টারন্যাশনাল' নামীয় প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী কর্তৃক কাশিমপুর কেন্দ্রীয় কারাগার ১, ২, কাশিমপুর মহিলা কারাগার, কাশিমপুর হাই সিকিউরিটি কারাগার ও ঢাকা কেন্দ্রীয় কারাগারসহ বিভিন্ন কারাগারে 'এপ্রিল-২০২৩ সেপ্টেম্বর-২০২৩' সময়ে অস্বাভাবিক কম মূল্যে মশুর ডাল সরবরাহ করা সংক্রান্ত অভিযোগ।

সূত্র : বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের স্মারক নং-২৬.১২.০০০০.১০৬.৯৯.০২৪.২৩-৬৭৫ তারিখ: ২৪/৮/২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ নাজমুল হুদা নাসিম, পিতাঃ জনাব মোঃ আজিম আলী, ২১২/১, টিআইসি কলোনি রোড, ফায়েদাবাদ, দক্ষিণখান, ঢাকা-১২৩০ স্বত্বাধিকারী, রিয়ান ইন্টারন্যাশনাল কারা অধিদপ্তর কর্তৃক অস্বাভাবিক কম দরে মশুর ডাল সরবরাহের কার্যাদেশ প্রদান বিষয়ে গত ২১.৫.২০২৩ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে নির্ধারিত ফরমে অভিযোগ দায়ের করেন। এ বিষয়ে গত ১৪.৬.২০২৩ তারিখে সংশ্লিষ্ট পক্ষগণের সমন্বয়ে অত্র কমিশনে শুনানি গ্রহণপূর্বক শুনানির ফলাফল সম্পর্কে গত ১৮/৬/২০২৩ তারিখে কারা অধিদপ্তরকে অবহিত করা হয়।

০২। উক্ত সভার ধারাবাহিকতাক্রমে আলোচ্য বিষয়ে ২৫.৭.২০২৩ তারিখে ২য় বার সভা করা হয়, যেখানে সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ) লিখিতভাবে জানান যে, অভিযোগে বর্ণিত মেসার্স অজয় ব্রাদার্স, প্রোপ্রাইটর: অজয় নন্দী, হাজারি লেন, কোতয়ালি, চট্রগ্রাম এপ্রিল ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত সময়ের জন্য কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১,২ কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার, কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার ও ঢাকা কেন্দ্রীয় করাগারে মোটা মশুর ডাল সরবরাহের দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণ করে বিজয়ী হয়েছেন। তার কাগজপত্র যাচাই-বাছাই করে এবং প্রাক্কলিত দরের চেয়ে কম মূল্যে ডাল সরবরাহের কারণ ব্যাখ্যার জবাবে সন্তুষ্ট হয়ে তাকে রেসপনসিভ করা হয়েছে। প্রাক্কলিত মূল্যের চেয়ে কম দর দাখিলের কারণে সংশ্লিষ্ট মূল্যায়ন কমিটি কর্তৃক মেসার্স অজয় ব্রাদার্সকে কারণ দর্শানোর জন্য বলা হলে মেসার্স অজয় ব্রাদার্স দরপত্রে উল্লেখিত দরে মোটা মশুর ডাল সরবরাহ করতে পারবেন বলে জানিয়েছেন। দরপত্র মূল্যয়ন কমিটি পিপিআর এর বিধান মোতাবেক উল্লেখিত কারাগারসমূহের দরপত্র মূল্যায়ন করেছেন এবং সর্বনিম্ন দরদাতা হিসেবে মেসার্স অজয় ব্রাদার্সকে নির্বাচিত করেছেন বলেও তিনি জানান।

০৩। পরবর্তীতে ০৯.৮.২০২৩ তারিখে পুনরায় আলোচ্য বিষয়ে শুনানি করা হয়। উক্ত শুনানীতে (১) অভিযোগকারী আলোচ্য বিষয়ে কিভাবে সংক্ষুব্ধ হয়েছেন সে বিষয়ে অভিযোগকারীকে পৃথকভাবে বক্তব্য দিতে বলা (২) জনাব অজয় কুমার নন্দী, প্রোপাইটর, মেসার্স অজয় ব্রাদার্স এবং সজল মুহুরী, মেসার্স এশিয়া ট্রেডার্স এর মধ্যে সম্পাদিত চুক্তিপত্রের আলোকে তাদেরকে শুনানির জন্য নোটিশ করা এবং (৩) অভিযোগে বর্ণিত টেন্ডার সংক্রান্তে রিভিউ প্যানেল কিংবা অন্য কোন ফোরামে অভিযোগ করা হয়েছিল কিনা সে বিষয়ে কারা অধিদপ্তর তথ্য সরবরাহ করবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৪। তদপ্রেক্ষিতে ৯/৮/২০২৩ তারিখে লিখিত বক্তব্যের মাধ্যমে অভিযোগকারী জানান যে, সাম্প্রতিক সময়ে অজয় ব্রাদার্স, মোঃ জাহের, আই, আর ট্রেডিং কর্পোরেশনসহ হাতেগোনা কয়েকজন ব্যবসায়ী কারা অধিদপ্তরের অধীন বিভিন্ন কারাগারে দরপত্রে অংশগ্রহণ করে প্রাক্কলিত মূল্য বা প্রকৃত বাজারদর হতে অস্বাভাবিক কম মূল্য দাখিল করে কার্যাদেশ গ্রহণ করছেন। বাজারদর হতে অস্বাভাবিক কম মূল্যে ডাল সরবরাহের সুযোগ না থাকলেও কোন্ প্রক্রিয়ায় বা কোন্ অপরাধের আশ্রয় নিয়ে অতি নিম্ন মূল্যে ডাল সরবরাহ করছেন সেটাই তার (অভিযোগকারীর) মূল অভিযোগ। তিনি আরো উল্লেখ করেন যে, মেসার্স অজয় ব্রাদার্সের মতো প্রতিষ্ঠানের অনিয়ম ও অসৎ কার্যক্রমের কারণে তার মতো অনেক বৈধ ব্যবসায়ীর ব্যবসায়িক কার্যক্রম প্রায় শেষ হয়ে যাচ্ছে এবং প্রতিযোগিতাহীন পণ্য সরবরাহের সংস্কৃতির উদ্ভব হচ্ছে।

Rumakbir.

০৫। উক্ত বিষয়ে ২৯/৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত শুনানীতে জনাব অজয় কুমার নন্দী, প্রোপাইটর মেসার্স অজয় ব্রাদার্স, সজল মুহুরী, মেসার্স এশিয়া ট্রেডিং এবং কারা অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ হাজির হয়ে বক্তব্য প্রদান করেন। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ থেকে জনাব অজয় কুমার নন্দী (১ম পক্ষ) এবং সজল মুহুরী (২য় পক্ষ) এর মধ্যে ২৯/৩/২০২৩ তারিখে সম্পাদিত চুক্তিপত্রের বিষয়ে উভয় পক্ষের দৃষ্টি আকর্ষণ করে জানানো হয় যে, উক্ত চুক্তিপত্র মোতাবেক ২য় পক্ষ ১/৪/২০২৩ হতে ৩০/৯/২০২৩ পর্যন্ত ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার হাইসিকিউরিটি, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার, গাজীপুর জেলা কারাগারসহ সকল কেন্দ্রীয় কারাগার ও জেলা কারাগারসমূহে উন্নতমানের মশুর ডাল মোটা, উন্নতমানের মশুর ডাল সরু ও উন্নতমানের মশুর ডাল সরবরাহের নিমিত্ত প্রথম পক্ষের অনুকূলে দরপত্রের প্রেক্ষিতে ১ম পক্ষ মেসার্স অজয় ব্রাদার্স এর দরপত্রের দর গৃহিত হলে এবং কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ অনুযায়ী উন্নতমানের মশুর ডাল মোটা, উন্নতমানের মশুর ডাল সরু ও উন্নতমানের চনার ডাল সরবরাহ করবো মর্মে ১ম পক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদন করে। সে অনুযায়ী সংশ্লিষ্ট দরপত্রে উদ্ধৃত সর্বনিম্ন দর প্রতি কেজি মোটা মশুর ডাল ৭৬.০০ টাকা করে চুক্তিপত্রের ২য় পক্ষ সজল মুহুরী ১ম পক্ষ জনাব অজয় কুমার নন্দীকে সরবরাহ করছেন কিনা তা জানতে চাইলে ২য় পক্ষ জনাব সজল মুহুরী জানান, উক্ত রেটে তিনি ডাল সরবরাহ করছেন না, তিনি বাজার দরেই নির্ধারিত মশুর ডাল সরবরাহ করছেন এবং ১/৪/২০২৩ হতে ১৫/৫/২০২৩ পর্যন্ত সময়ে বাজার দরে মোট ১২৪.০০ টন ডাল সরবরাহ করেছেন। চুক্তিপত্রের ১ম পক্ষ জনাব অজয় কুমার নন্দী জানান যে, মূলত চুক্তিপত্রটি সম্পাদন করা হয়েছিল সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক উত্থাপিত প্রাক্কলিত মূল্যের চেয়ে অনেক কম মূল্যে কিভাবে ডাল সরবরাহ করা হবে সে সংক্রান্ত প্রশ্নের উত্তর/ব্যাখ্যা প্রদান করার জন্য। প্রকৃতপক্ষে বিবেচ্য চুক্তিপত্রের কোন কার্যকারিতা নেই মর্মে চুক্তি সম্পাদনকারী পক্ষদ্বয় এবং কারা অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্বীকার করেন। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়নকালে উক্ত চুক্তিপত্রের বিষয়াবলি আরো কার্যকরভাবে খতিয়ে দেখা সমীচীন ছিল মর্মে কমিশন পর্যবেক্ষণ প্রদান করে।

০৬। আলোচ্য অভিযোগের বিষয়ে কারা অধিদপ্তর ২১.৮.২০২৩ তারিখে ৫৮.০০.০০০০..০৩০.২৫.০৩৪.২৩.১৪৬০ নং স্মারকমূলে কতিপয় তথ্য প্রেরণ করা হয় যেখানে দেখা যায়, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ মশুর ডাল সরবরাহ সংক্রান্ত ওটিএম-এ বিজয়ী বিডার নির্বাচিত হন মেসার্স রাজ ট্রেডিং মেডিসিন কর্নার। এ বিজয়ী বিডারের বিরুদ্ধে মামলা দায়ের করে মেসার্স আইয়ুব ট্রেডার্স বিজয়ী হয়। এর মাধ্যমে মোট দরের পরিমাণ বৃদ্ধি পায় মর্মে সভায় আলোচনা হয়। আলোচনাকালে কারা অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ জানান যে, কারা বিভাগে কতিপয় সরবরাহকারী প্রতিনিয়ত বন্দিদের খাদ্য সরবরাহের দরপত্র নিয়ে নানা ধরনের জটিলতা সৃষ্টি করছে এবং তাদের মধ্যে অন্যতম হচ্ছে একই পরিবারের মালিকানাধীন সরবরাহকারী: (১) মেসার্স আইয়ুব আলী ট্রেডার্স, প্রোপ্রাইটর-মোঃ আইয়ুব আলী, ২১/২, দেবীদাস ঘাট, চকবাজার, ঢাকা (পিতা); (২) মেসার্স ইয়াহইয়া এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর মোঃ ইয়াহইয়া, ২১/২, দেবীদাস ঘাট, চকবাজার, ঢাকা (পুত্র); (৩) এস এম এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর-মোঃ সোলাইমান, ৩৬/৬, দেবীদাস ঘাট, চকবাজার, ঢাকা (পুত্র); (৪) মেসার্স রাজ ট্রেডিং মেডিসিন কর্ণার, প্রোপ্রাইটর-মোহাম্মদ আলমগীর আহমেদ, ৫০/১, রাজনারায়ন ধর রোড, লালবাগ, ঢাকা (শ্যালক) (৫) মেসার্স দিল এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর-হাজী মোঃ আনোয়ার, ২৯/৭, সোয়ারীঘাট রোড, ঢাকা (জামাতা)। উক্ত বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক গত ০৯.৭.২০২৩ তারিখে সিপিটিইউ'র নির্দেশনা/সহযোগিতা চাওয়া হয়েছে বলে কারা অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ শুনানীতে উল্লেখ করেন।

০৭। প্রসংগত উল্লেখ্য যে, প্রতিযোগিতা আইন ২০১২ এর প্রস্তাবনাতে অন্যান্য কতিপয় উদ্দেশ্যের পাশাপাশি ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করার উদ্দেশ্যে ষড়যন্ত্রমূলক যোগসাজশ, প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূলের বিষয়ে উল্লেখ করা হয়েছে। উক্ত আইনের ৮ ধারায় বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে বিরূপ প্রভাব বিস্তারকারী অনুশীলন নির্মূল করা, প্রতিযোগিতাকে উৎসাহিত করা ইত্যাদি বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে দায়িত্ব প্রদান করা হয়েছে।

০৮। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে আলোচ্য অভিযোগের বিষয়ে নিম্নবর্ণিত পর্যবেক্ষণ প্রদানপূর্বক বিষয়টি নিষ্পত্তি করা হলো:-

(ক) উপরে বর্ণিত চুক্তিপত্রটি চুক্তিপত্রের ১ম পক্ষ ও ২য় পক্ষ কর্তৃক পরস্পর যোগসাজশের মাধ্যমে পাতানো বিষয় হিসেবে সম্পাদন করা হয়েছিল সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক উত্থাপিত প্রশ্নের ব্যাখ্যা প্রদান করার জন্য। দরপত্র মূল্যায়ন, দরপ্রস্তাব অনুমোদন, Notification of Award জারি, চুক্তি স্বাক্ষর ইত্যাদি স্তরে এ জাতীয় ইস্যু পিপিএ এবং পিপিআর এর আলোকে আরো গুরুত্বের সাথে কারা অধিদপ্তরের Procuring Entity এবং

Head of Procuring Entity কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করে দেখা সমীচীন বলে কমিশন মনে করে। সংশ্লিষ্ট বিষয়ে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে উল্লিখিত বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য কারা অধিদপ্তরকে অনুরোধ জানানো হলো;

(খ) মেসার্স অজয় ব্রাদার্স এবং মেসার্স এশিয়া ট্রেডিং নামক প্রতিষ্ঠানদ্বয়কে ভবিষ্যতে উপরের বর্ণনামতের (যোগসাজশী চুক্তিনামা সম্পাদন) অসৎ কার্যক্রম থেকে বিরত থাকার জন্য বলা হলো;

(গ) উপরে বর্ণিত একই পরিবারের মালিকানাধীন ০৫ টি সরবরাহকারী প্রতিষ্ঠান পারস্পারিক যোগসাজশের মাধ্যমে কারা প্রশাসনে বিশৃঙ্খলা সৃষ্টি করছে সংক্রান্ত বক্তব্যের বিষয়ে বিস্তারিত তদন্তপূর্বক কারা অধিদপ্তরের সকল টেন্ডারিং প্রক্রিয়ায় পিপিআর এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগকে অনুরোধ করা হলো।

০৯। উল্লিখিত পর্যবেক্ষণের আলোকে সংশ্লিষ্ট সকল পক্ষ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে ফিডব্যাক প্রদান করবেন।

RHMAKabir
২৯.০৮.২৩
(র.হ.ম. আলাওল কবির)
সচিব (ভারপ্রাপ্ত)
মুঠোফোন: ০১৭১১৫৭০৫৬৪
ই-মেইল: alaol.kabir@gmail.com

**বিতরণ:**

(১) কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশী বাজার, ঢাকা-১২১১

(২) জনাব মোঃ নাজমুল হুদা নাসিম
পিতাঃ মোঃ আজিম আলী
২১২/১, টি আই সি কলণী রোড
ফায়েদাবাদ, দক্ষিণখান, ঢাকা-১২৩০

(৩) জনাব অজয় কুমার নন্দী
প্রোপ্রাইটর, মেসার্স অজয় ব্রাদার্স
৬৫, হাজারী লেন, কোতোয়ালী, চট্রগ্রাম।

(৪) জনাব সজল মুহুরী
মেসার্স এশিয়া ট্রেডিং
১৭০/১, খাতুনগঞ্জ, চট্রগ্রাম।

স্মারক নং- ২৬.১২.০০০০.১০৬.৯৯.০২৪.২৩-৬৮২ তারিখ: ২৯-০৮-২০২৩

**অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- ১০০০;
২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- ১০০০;
৩। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), ইমপ্লিমেন্টেশন মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন ডিভিশন (আইএমইডি), পরিকল্পনা মন্ত্রণালয়, সিপিটিইউ ভবন, পরিকল্পনা কমিশন ক্যাম্পাস শের-ই-বাংলা নগর, ঢাকা ১২০৭
৪। চেয়ারপার্সন মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা (চেয়ারপার্সন মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। ............................................ সদস্য (সকল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। অফিস কপি।

RHMAKabir
২৯.০৮.২৩
(র.হ.ম. আলাওল কবির)
সচিব (ভারপ্রাপ্ত)